DEC. 1 3 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢা.বিতে ভর্তিযুদ্ধ : প্রতি আসনের বিপরীতে ১৪ জন প্রার্থী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ৪ হাজার ৪১০টি আসনের বিপরীতে মোট ৬৩ হাজার ২৩৯ জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। এ হিসাবে একটি আসনের জন্য ভর্তিযুদ্ধে অংশ নেবে ১৪ জন পরীক্ষার্থী।

বিজ্ঞান অনুষদ (ক-ইউনিট), কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ (খ-ইউনিট), বাণিজ্য অনুষদ (গ-ইউনিট) এবং সম্মিলিত বিভাগের (ঘ-ইউনিট) মধ্যে সবচেয়ে বেশি পরীক্ষার্থী অংশগ্রহণ করছে 'ক' ইউনিটে। এই ইউনিটে এবার অংশ নিচ্ছে ১৮ হাজার ৩৭২ জন। এ ছাড়া 'ঘ' ইউনিটে ১৬ হাজার ৫৬০ জন, 'গ' ইউনিটে ১৫ হাজার ১৫ জন এবং 'খ' ইউনিটে ১৩ হাজার ২৯২ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে।

এরমধ্যে 'ক' ইউনিটের আসন সংখ্যা ১ হাজার ১১৯টি, 'খ' ইউনিটে ২ হাজার ১৩৪টি, 'গ' ইউনিটে ৬৪৪টি এবং 'ঘ' ইউনিটে আসন সংখ্যা ৫১৩টি।

এ হিসাবে সবচেয়ে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে 'ঘ' ইউনিটে। এই ইউনিটের একটি আসনের জন্য ভর্তি পরীক্ষায় অংশ নেবে ৩২ জন পরীক্ষার্থী। এ ছাড়া 'ক' ইউনিটে প্রতিটি আসনের বিপরীতে অংশ নিবে ১৬ জন, 'গ' ইউনিটে এই সংখ্যা ২৩ জন। 'খ' ইউনিটে প্রতিদ্বন্দ্বিতা হবে সবচেয়ে কম। এই ইউনিটে একটি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নেবে ৬ জন পরীক্ষার্থী।

গত ২৫ নভেম্বর বিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হয়। ফরম জমাদানের শেষ দিন আজ বৃহস্পতিবার।

১১ জানুয়ারি 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। 'খ'-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৮ জানুয়ারি 'ক'-ইউনিটের ভর্তি পরীক্ষা ২৫ জানুয়ারি এবং 'ঘ'-ইউনিটের ভর্তি পরীক্ষা ১ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।



*ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান ভর্তি পরীক্ষার ফরম জমা দেওয়ার শেষ দিনে ভর্তিচ্ছুদের ফরম পূরণের দৃশ্য*